যুগান্তর

তারিখ ... ৩০ ২০০১

পৃষ্ঠা ২ ... কলাম ৬ ...

# জাতীয় বিশ্ববিদ্যালয়ের অনার্স পার্ট-৩ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ চায় ব্যাচ '৯৪-৯৫

**যুগান্তর রিপোর্ট**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০০১ সালের অনার্স পার্ট-৩ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দাবি করেছে দেশের নয়টি কলেজের '৯৪-৯৫ শিক্ষা বর্ষের ছাত্রছাত্রীরা। তারা বুধবার সাংবাদিক সম্মেলন করবে। গতকাল রাজধানীর মুক্তাঙ্গনে আয়োজিত এক সংক্ষিপ্ত সমাবেশে ছাত্র প্রতিনিধিবৃন্দ এ দাবি জানান। ইডেন কলেজের ছাত্রী ইসরাত জাহান রনির সভাপতিত্বে সমাবেশে বক্তব্য রাখেন জগন্নাথ কলেজের ছাত্র মামুনুর রশীদ, জাহাঙ্গীর আলম, খুলনা বিএল কলেজের ছাত্র কল্যাণ রায়, রাজশাহী সরকারি কলেজের ছাত্র মিজানুর রহমান মিজান, বরিশাল বিএম কলেজের ছাত্র আলী আকবর, রংপুর কারমাইকেল কলেজের ছাত্র ভাস্কর ও বগুড়া আযিযুল হক কলেজের ছাত্র দীপন।